



ক্যারিয়ারের শুরু থেকেই রাজনীতির শিকার: শাকিব খান



শাকিব খান | ছবি: সংগৃহীত

ঈদে মুক্তি পাওয়া 'রকস্টার' সিনেমাকে ঘিরে আলোচনা-সমালোচনা চলছেই। এরই মধ্যে ছবিটির প্রচারণায় এসে নিজের অবস্থান পরিষ্কার করেছেন ঢালিউড সুপারস্টার শাকিব খান। এসময় তিনি সফলতার পথে বাধা ও সমালোচনা নতুন কিছু নয় বলে মন্তব্য করেন।

বৃহস্পতিবার রাজধানীর উত্তরার স্টার সিনেপ্লেক্সে সিনেমাটির প্রচারণায় অংশ নেন তিনি। সেখানে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া কিছু নেতিবাচক প্রচারণা নিয়ে হতাশা প্রকাশ করেন এই অভিনেতা।

শাকিব বলেন, একটি সিনেমা মুক্তির পর ভালো-মন্দ দুই ধরনের প্রতিক্রিয়াই থাকবে, সেটাই স্বাভাবিক। কিন্তু শুধুমাত্র সমালোচনামূলক অংশ আলাদা করে প্রচার করা হলে সেটি পুরো চলচ্চিত্রের জন্যই ক্ষতিকর হয়ে দাঁড়ায়। তার মতে, এতে একজন শিল্পী নয়, বাংলা সিনেমারই ক্ষতি হয়।

তিনি আরও বলেন, দীর্ঘ ক্যারিয়ারে শুরু থেকেই নানা প্রতিবন্ধকতা ও সমালোচনার মুখোমুখি হয়েছেন তিনি। তবে এসবকে তিনি কখনও দুর্বলতা হিসেবে দেখেননি। বরং প্রতিটি চ্যালেঞ্জ তাকে আরও শক্ত করেছে।

শেষে শাকিব খান বলেন, পাহাড়ের চূড়ায় উঠতে যেমন কষ্ট করতে হয়, সেখানে টিকে থাকতেও তেমনি লড়াই চালিয়ে যেতে হয়। আর সেই সংগ্রামই একজন শিল্পীর পথচলার বাস্তবতা।